

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৮৯২ ৩১/ হৃদয়-গলানো উপদেশ পরিচ্ছেদঃ জান্নাতের বিবরণ

## আরবী

وَعَنهُ قَالَ: شَهِدْتُ مِنَ النَّبِيِّ عَلَيْ مَجْلِساً وَصَفَ فِيهِ الجَنَّةَ حَتَّى انْتَهَى ثُمَّ قَالَ فِي آخِرِ حَدِيثِهِ فيها مَا لاَ عَينُ رَأَتْ وَلاَ أُذُنُ سَمِعَتْ وَلاَ خَطَرَ عَلى قَلْبِ بَشَرٍ ثُمَّ قَراً : تَتَجَافَى جُنُوبُهُمْ عَنِ المَضَاجِعِ إِلَى قَولِهِ تَعَالٰى فَلاَ تَعْلَمُ نَفْسٌ مَا أُخْفِي لَهُمْ مِنْ قُرَّةٍ أَعْيُنٍ رواه مسلم

## বাংলা

(৩৮৯২)উক্ত রাবী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর এমন এক মজলিসে উপস্থিত ছিলাম, যেখানে তিনি জান্নাত সম্পর্কে আলোচনা করছিলেন। শেষ পর্যন্ত তিনি তা সমাপ্ত করলেন এবং আলোচনার শেষে বললেন, ''জান্নাতে এমন নিয়ামত (সুখ-সামগ্রী) বিদ্যমান আছে যা কোন চক্ষু দর্শন করেনি, কোন কর্ণ শ্রবণ করেনি এবং কোন মানুষের মনে তার ধারণার উদ্রেকও হয়নি। তারপর তিনি এই আয়াত পাঠ করলেন, যার অর্থ হল, 'তারা শয্যাত্যাগ করে আকাজ্জা ও আশংকার সাথে তাদের প্রতিপালককে ডাকে এবং আমি তাদেরকে যে রুয়ী প্রদান করেছি তা হতে তারা দান করে। কেউই জানে না তার জন্য তার কৃতকর্মের বিনিময় স্বরূপ নয়ন-প্রীতিকর কী পুরস্কার লুকিয়ে রাখা হয়েছে। (সুরা সিজদা ১৬-১৭)

## ফুটনোট

(মুসলিম ৭৩১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন